



জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং- ০১(৮৯৪)জাতীঃবিঃ/প্রশাঃ/২০১০(অংশ-৮)/১/১১৩

তারিখঃ ১০ আশ্বিন ১৪২৫
২৫ অক্টোবর ২০১৮

নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের নিম্নবর্ণিত স্থায়ী শূন্য পদসমূহে নিয়োগের লক্ষ্যে জন্মসূত্রে বাংলাদেশী নাগরিকদের নিকট হইতে Online-এ আবেদন আহবান করা যাইতেছে:

ক্রমিক নং	পদের নাম, বেতন স্কেল (গ্রেড), পদের সংখ্যা এবং বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	পরিচালক (আঞ্চলিক কেন্দ্র) (রাজশাহী আঞ্চলিক কেন্দ্রের জন্য) বেতন স্কেল: ৫৬৫০০-৭৪৪০০ (গ্রেড-৩) পদের সংখ্যা: ০১ (এক) বয়স: সর্বনিম্ন ৪৫ বৎসর	যেকোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীসহ সরকারী/স্বায়ত্তশাসিত/ আধা-সরকারী প্রতিষ্ঠান/বিশ্ববিদ্যালয়/অধ্যক্ষ পর্যায়ে/শিক্ষা প্রশাসন / একাডেমিক কাজ/পরীক্ষা সংক্রান্ত কাজে ১৫ বৎসরের অভিজ্ঞতা। শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নহে। কম্পিউটার পরিচালনায় বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে। উচ্চতর ডিগ্রী/প্রশিক্ষণ/যোগ্যতাসম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাইবেন। অভ্যন্তরীণ প্রার্থীগণ আবেদন করিতে পারিবেন।
২	সহকারী রেজিস্ট্রার বেতন স্কেল: ২৯০০০-৬৩৪১০ (গ্রেড-৭) পদের সংখ্যা: ১৬ (ষোল) বয়স: ৩৫-৪৫ বৎসর	যেকোন বিষয়ে ন্যূনতম মাস্টার্স ডিগ্রী এবং শিক্ষকতা/শিক্ষা প্রশাসনে সরকারী / স্বায়ত্তশাসিত / বিশ্ববিদ্যালয়ে / কলেজ পর্যায়ে ৫ বৎসরের অভিজ্ঞতা। শিক্ষা জীবনের কোন স্তরেই তৃতীয় শ্রেণী/বিভাগ/সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নহে। উচ্চতর ডিগ্রী/প্রশিক্ষণ/যোগ্যতা সম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাইবেন। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বয়স সীমা শিথিলযোগ্য।

শর্তাবলীঃ

- আগ্রহী প্রার্থীদের আগামী ১৪-১১-২০১৮ তারিখ বিকাল ৪:০০ ঘটিকার মধ্যে অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form পূরণের মাধ্যমে আবেদন করিতে হইবে। উক্ত Application Form ও নিয়োগ বিজ্ঞপ্তি ১৬-১০-২০১৮ তারিখ হইতে বর্ণিত ওয়েবসাইটে পাওয়া যাইবে।
- চাকুরীরত প্রার্থীদেরকে তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে। প্রার্থীদেরকে সকল পরীক্ষা পাশের সার্টিফিকেট ও মার্কশীট, অভিজ্ঞতা সনদপত্র, জাতীয় পরিচয় পত্র/জাতীয়তা সনদপত্র, চাকুরীরত হলে কর্তৃপক্ষের অনুমতি পত্র-এর কপি User ID ও Password দিয়ে Login করে Online Application Form-এর নির্ধারিত অংশে Upload করিতে হইবে। কোন প্রকার হার্ডকপি পাঠানোর প্রয়োজন নেই।
- আবেদন করার শেষ তারিখে (১৪-১১-২০১৮) প্রার্থীদের বয়স সংশ্লিষ্ট পদের ক্ষেত্রে উল্লেখিত বয়সসীমার মধ্যে হইতে হইবে।

৪. প্রার্থীদের নিয়োগ সংক্রান্ত সকল পরীক্ষা/নির্বাচনী বোর্ড/কমিটির তারিখ ডাকযোগে/কুরিয়ার সার্ভিসে পত্র মারফত/SMS-এর মাধ্যমে/বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-এর মাধ্যমে জানানো হইবে। এ সকল পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হইবে না।
৫. সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনিতে হইবে।
৬. নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে। কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে বিবেচিত হইবে।
৭. অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলিয়া গণ্য হইবে।
৮. কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করিবে।
৯. রেজিস্ট্রার, জাতীয় বিশ্ববিদ্যালয়-এর অনুকূলে সোনালী ব্যাংকের যে কোন শাখা হইতে ক্রমিক-১ এ বর্ণিত পদের জন্য ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা এবং ক্রমিক-২ এ বর্ণিত পদের জন্য ১,০০০/- (এক হাজার) টাকা সোনালী সেবার পে-স্লিপ-এর মাধ্যমে জমা দিতে হইবে।


পে-স্লিপ সংগ্রহের নিয়মাবলীঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.nubd.info/jobs এ Online Application Form যথাযথভাবে পূরণপূর্বক Submit করার পর User ID ও Password দিয়ে Login করে Pay-slip ডাউনলোড করে সোনালী সেবার মাধ্যমে সোনালী ব্যাংকের যেকোন শাখায় জমা দিতে হইবে।

Online Application Form পূরণের নির্ধারিত তারিখ ও সময়ের পরে টাকা জমা দিলে সে দায়-দায়িত্ব ব্যাংক অথবা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ বহন করিবে না।

১০. রিট পিটিশন নং- ৫১২৫/২০০৪ এ মহামান্য হাইকোর্ট বিভাগের ২০-০২-২০১২ তারিখের ঘোষিত রায় ও নির্দেশনার আলোকে যাহাদের জাতীয় বিশ্ববিদ্যালয়ের চাকুরীর অবসান হইয়াছে তাহারা সংশ্লিষ্ট পদে আবেদন করিতে পারিবেন এবং বিজ্ঞাপিত পদের জন্য নির্ধারিত বয়সসীমার সর্বোচ্চ সীমা তাহাদের ক্ষেত্রে শিথিল করা হইবে। তবে বিজ্ঞাপিত পদে বিধি অনুযায়ী প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতাসহ অন্যান্য যোগ্যতা ও শর্তাবলী তাহাদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

ভাইস-চ্যান্সেলর-এর অনুমোদনক্রমে


15.10.18

(মোল্লা মাহফুজ আল-হোসেন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)
জাতীয় বিশ্ববিদ্যালয়